

## Qualified Health Plans (QHP)-এর করোনাভাইরাস বিশেষ নিবন্ধন সময়সীমার (Coronavirus Special Enrollment Period, SEP) ওপর প্রশ্ন এবং উত্তর

1. 1লা এপ্রিলের প্রারম্ভের তারিখ কি সেই সমস্ত সদস্যদের জন্য অনুমতিযোগ্য যারা করোনাভাইরাস SEP-এর থেকে এসেছেন, এমনকি তারা 1লা এপ্রিল এবং 15ই এপ্রিলের মাঝে নথিভুক্ত হলেও? 1লা এপ্রিলের পর আসন্ন ব্যক্তি যারা এখনও এপ্রিলের জন্য কভারেজ নিতে ইচ্ছুক তাদের জন্য কি আংশিক মাসিক প্রিমিয়াম অনুমতিযোগ্য?

**উত্তর:** হ্যাঁ আমরা 1লা এপ্রিলের আগের তারিখের প্রস্তাব দিতে চলেছি, যদি উপভোক্তারা অনুরোধ করেন। ব্যক্তিদের পরিচর্যায় অন্তর্ভুক্ত করাই হলো আমাদের লক্ষ্য, কিন্তু যেহেতু আমরা আংশিক প্রিমিয়াম গ্রহণ করতে পারি না, তাই যদি তাদের এপ্রিলে কভারেজের প্রয়োজন হয়, তহলে এটিকে 1লা এপ্রিলেই আরম্ভ হতে হবে। যদি উপভোক্তারা 1লা মে-র প্রারম্ভিক তারিখ পেতে ইচ্ছুক হন, তাও অনুমতিযোগ্য।

2. করোনাভাইরাস SEP-এর অধীনে কি আগের কার্যকর তারিখ থেকে QHP কভারেজ আরম্ভ হতে পারে?

**উত্তর:** করোনাভাইরাস SEP-এর অধীনে কভারেজ কেবল 1লা এপ্রিল থেকেই আরম্ভ হতে পারে। কিছু নথিভুক্তকারীরা 1লা মে তারিখে কভারেজ শুরু করার বিকল্প বেছে নিতে পারেন।

3. করোনাভাইরাস SEP-এর অধীনে কি বিদ্যমান QHP সদস্যদের তাদের হেল্থ প্ল্যান পরিবর্তন করার অনুমতি আছে?

**উত্তর:** যতক্ষণ না একজন বিদ্যমান QHP সদস্য অন্য একটি SEP -এর জন্য যোগ্য হন যা তাদেরকে তাদের প্ল্যান পরিবর্তন করার অনুমতি দেয়, তাদেরকে করোনাভাইরাস SEP-এর অধীনে তাদের QHP হেল্থ প্ল্যান পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না।

4. পরিশোধ না করার জন্য যে উপভোক্তাদের QHP কভারেজ অবসান অথবা বাতিল করা হয়েছিল তাদেরকে কি করোনাভাইরাস SEP-এর অধীনে পুনরায় নথিভুক্ত হওয়ার অনুমতি দেওয়া হবে?

**উত্তর:** হ্যাঁ। এই SEP একজন অবিমুক্ত ব্যক্তিদের জন্য খোলা, যারা অন্যথায় QHP-এর জন্য যোগ্য। কভারেজ অতীতের তারিখ থেকে কার্যকর হবে না এবং এই SEP -এর অধীনে, এটি কেবল সবচেয়ে নিকটতম সময় তথা 1লা এপ্রিল থেকে শুরু হতে পারে।